

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৬- ৩৬২

তারিখঃ ২৬.০৮.২০১৭ খ্রিঃ

### আদেশ

যেহেতু, ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়ার্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুর গত ১৯.০৯.২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৪.১১.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৫-৮৪৯ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ০৯.০২.২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এমতাবস্থায়, ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়ার্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুরের বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, ইতোপূর্বে প্রদত্ত শাস্তি এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। ৪র্থ বছরে তাঁর বর্ধিত বেতন (Increment rate of Salary) প্রাপ্যতা শুরু হবে। স্থগিতজনিত বেতন-ভাতাদি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ১৯.০৯.২০১৬ খ্রিঃ হতে কর্মস্থলে পুনরায় যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়ে বেতন-ভাতাদি উত্তোলিত হলে তা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। নতুবা উত্তোলিত বেতন ভাতাদি সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ মিরাজুল হোসেন)  
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।


[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৫- ৩৬২/২(২২)

তারিখঃ ২৬.০৮.২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দত্ত প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ হালনাগাদ ও ডেটা বেইসে সংরক্ষণের জন্য)
- ৩। যুগ্মসচিব (পার-১ অধিশাখা/পার-২ অধিশাখা)/উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য)।
- ৫। সিভিল সার্জন, মেহেরপুর (আলোচ্য কর্মকর্তার যোগদানের বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়ার্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুর (স্থায়ী ঠিকানা- গ্রাম-রেলপাড়া, পোস্ট- চুয়াডাঙ্গা, উপজেলা- জেলা- চুয়াডাঙ্গা)।

  
২৬/০৮/২০১৭  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৬- ৩৬১

তারিখঃ ১৬.০৮.২০১৭ খ্রিঃ

### আদেশ

যেহেতু, ডাঃ মোঃ কফিল উদ্দিন (৪৩৮৪৯), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালট্যান্ট এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জ গত ২৬.০৫.২০১৫ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০৩.১০.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৬-৬৯৪ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ২২.০৩.২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এমতাবস্থায়, ডাঃ মোঃ কফিল উদ্দিন (৪৩৮৪৯), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালট্যান্ট এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জের বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। ৪র্থ বছরে তাঁর বর্ধিত বেতন (Increment rate of Salary) প্রাপ্যতা শুরু হবে। স্থগিতজনিত বেতন-ভাতাদি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ২৬.০৫.২০১৫ খ্রিঃ হতে কর্মস্থলে পুনরায় যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়ে বেতন-ভাতাদি উত্তোলিত হলে তা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। নতুবা উত্তোলিত বেতন ভাতাদি সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ সিরাজুল হক খান)  
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।


[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৬- ৩৬১/১(১১)

তারিখঃ ১৬.০৮.২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দস্ত প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ হালনাগাদ ও কম্পিউটারে সংরক্ষণের জন্য)
- ৩। যুগ্মসচিব (পার-১ অধিশাখা/পার-২ অধিশাখা)/উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য)।
- ৫। সিভিল সার্জন, সুনামগঞ্জ (আলোচ্য কর্মকর্তার যোগদানের বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ মোঃ কফিল উদ্দিন (৪৩৮৪৯), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালট্যান্ট এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জ। (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মৃত আলী আকবর, গ্রাম-পূর্ব গোমতলী, ডাকঘর-পোকখালী, উপজেলা-সদর, জেলা-কক্সবাজার-৪৭০২)।

  
(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd